মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

# ২য় ইনোভেশন সভার বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের ইনোভেশন কমিটির ২য় সভা আগামী ২৬/০৮/২০২০ তারিখ সকাল ১১:০০ টায় চেয়ারম্যান মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ইনোভেশন কমিটির সম্মানীন সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

মোঃ হারুন-অর-রশীদ মন্ডল
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

## উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত ইনোভেশন কমিটির ৩য় সভার কার্যবিবরণী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, দিনাজপুরের ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত সভা ২৬/০৮/২০২০ তারিখ সকাল ১১.০০ টায় চেয়ারম্যান প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক এর সভাপতিত্বে শিক্ষা বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক<br>চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।<br>ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন কমিটি। | 26.08.2020 |
| ০২ | প্রফেসর মোঃ আমিনুল হক সরকার<br>সচিব, অত্র শিক্ষা বোর্ড।<br>ও আহবায়ক, ইনোভেশন কমিটি। | 26.08.2020 |
| ০৩ | প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান<br>পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড। | 26/8/2020 |
| ০৪ | জনাব মোঃ ফারাজ উদ্দিন তালুকদার<br>কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড। | 26/8/2020 |
| ০৫ | জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল<br>বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড। | 26/8/2020 |
| ০৬ | ড. মোঃ আব্দুর রাজ্জাক<br>উপ-সচিব, অত্র শিক্ষা বোর্ড। | 26.8.2020 |
| ০৭ | জনাব মোঃ হারুন অর রশীদ মন্ডল (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)<br>উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উমাঃ), অত্র শিক্ষা বোর্ড। | 26/08/2020 |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। সরকারের লক্ষ্য উন্নয়ন, প্রয়াস, নির্দেশনা বাস্তবায়নের জন্য অত্র শিক্ষা বোর্ডের সচিব মহোদয় ও ইনোভিশন কমিটির আহ্বায়ক নাগরিক সেবা উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে বক্তব্য রাখেন। এরপর আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু হয়।

**আলোচ্য বিষয় ঃ ১ ॥ ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত আলোচনা ঃ**

আলোচনা ঃ আলোচ্য সূচির শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র বোর্ডের সচিব ও ইনোভিশন কমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ আমিনুল হক সরকার ২০২০-২০২১ অর্থ বছরের নাগরিক সেবা উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বিষয়ে বলেন যে, নাগরিক সেবা উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে গতিশীলতা বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন নাগরিক সেবায় উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে যারা প্রকৃত অবদান রাখছেন তাঁদের

প্রণোদনা প্রদান ও উৎসাহ উদ্দীপনা বৃদ্ধির লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা দরকার। এ বিষয়ে সভার সম্মানিত সদস্যগণ সহমত পোষণ করেন। রেজিঃ কার্ড সংশোধন এর সো-কেসিং এবং এ সংক্রান্ত বিষয়ে ব্যাপক আলাপ-আলোচনা শেষে সো-কেসিং এর ব্যবস্থা গ্রহণে সবাই একমত পোষন করেন।

**সিদ্ধান্ত ঃ**

ক) নাগরিক সেবায় উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে যারা অবদান রাখছেন তাঁদের প্রণোদনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) অনলাইনে রিজিঃ সংশোধন সংক্রান্ত সো-কেসিং এর ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহিত হয়।

**আলোচ্য বিষয় ঃ ২ ॥ বিবিধ ঃ**

অত্র শিক্ষা বোর্ডে সেবা প্রদানে সম্মিলিতভাবে নৈতিকতা অনুসরণ ও চর্চার বিষয়ে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি শিক্ষাবোর্ডের উত্তরোত্তর অগ্রগতি ও উন্নতির জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন এবং সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

26.08.2020
(প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক)
চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

26/08/2020
(প্রফেসর মোঃ আমিনুল হক সরকার)
আহ্বায়ক, ইনোভেশন কমিটি
ও
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের উদ্ভাবনী আইডিয়া

## ১। সেবার নাম : ছাড়পত্র প্রদান।

### প্রস্তাবিত আইডিয়ার নাম : ছাড়পত্র প্রদান প্রক্রিয়া সহজীকরণ

### সেবা গ্রহীতা : শিক্ষার্থী

**পূর্বতন পদ্ধতি :** শিক্ষার্থীকে শিক্ষা বোর্ডে এসে টিসি আবেদন ফরম সংগ্রহ অথবা বোর্ডের ওয়েব সাইট থেকে প্রিন্ট নিয়ে তা স্বহস্তে পূরণ করতে হতো। অতঃপর উভয় কলেজে উপস্থিত হয়ে ছাড়পত্র (টিসি) এর আবেদন ফরমে অধ্যক্ষগণের স্বাক্ষর গ্রহণ করে আবার বোর্ডে এসে সোনালী ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে প্রদানকৃত ফি রশিদ ও প্রয়োজনীয় কাগজপত্রসহ স্বাক্ষরিত ফরম জমা দিতে হতো। বোর্ড কর্তৃপক্ষ উক্ত আবেদন নথীর মাধ্যমে অনুমোদন দিয়ে আবেদনকারীদের তালিকা টাইপ করে ওয়েব সাইটে টিসির আদেশ আকারে প্রকাশ করত। ফলে সময় অপচয়, অর্থ ব্যয় ও ভিজিট এবং বোর্ডে কাজের পরিমান বেড়ে যেতো।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

**বর্তমানে প্রস্তাবিত পদ্ধতি :** শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে বোর্ডের আওতাধীন সকল কলেজের বোর্ড কর্তৃক নির্ধারিত আসনের মধ্যে শূন্য আসনের তথ্য এবং ছাড়পত্রের আবেদন ফরম। আপলোড করা থাকবে। শিক্ষার্থী দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ঢুকে ইটিসি বাটনে ক্লিক করলে অনলাইন আবেদন ফরম দেখতে পাবে। এ আবেদন ফরম অনলাইনে পূরণ করবে এবং শূন্য আসন দেখে কাঙ্খিত কলেজের নাম উল্লেখ করে অনলাইনে আবেদন সাবমিট করবে। একই সময়ে শিক্ষার্থী অনলাইন থেকে সোনালী সেবার ফি জমা স্লিপ প্রিন্ট নিবে। অতঃপর বর্তমানে অধ্যয়নরত কলেজের অধ্যক্ষ এটি অনলাইনে অনাপত্তির মন্তব্যসহ অগ্রায়ণ(ফরোয়ার্ড) করবে। তখন কাঙ্খিত কলেজের অধ্যক্ষ এটি অনলাইনে অগ্রায়ন(ফরোয়ার্ড) করলে শিক্ষার্থী একটি এসএমএস পাবে এবং নিকটস্থ সোনালী ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিবে। এরপর আবেদনটি অনলাইনে শিক্ষা বোর্ডের সার্ভারে ওপেন হবে। অতঃপর বোর্ডের ওয়েবসাইটে তথ্যসমূহ যাচাই অন্তে অনুমোদিত হলে টিসির আদেশ অটোজেনারেট হবে। শিক্ষার্থী অনলাইনে লগইন করে টিসির আদেশ প্রিন্ট নিবে।

# প্রত্যাশিত ফলাফল (TCV) :

| আইডিয়া বাস্তবায়নের আগে। | আইডিয়া বাস্তবায়নের পরে | প্রত্যাশিত বেনিফিট |
|---|---|---|
| সময়(T) :8-15দিন<br>খরচ(C): ২০০০/-<br>যাতায়াত(V): 4বার | সময়(T) :1-2দিন<br>খরচ(C): ১০০০/-<br>যাতায়াত(V): 00 | সময়(T) :7-13 দিন<br>খরচ(C) : ১০০০/-<br>যাতায়াত(V): 4বার |

**সুফল :** সেবা গ্রহীতারা সহজেই বুঝতে পারবে কোথায় কোন কলেজে কতটি আসন খালি বা শূন্য আছে। সে অনুযায়ী তারা আবেদন করতে পারবে। ফলে সেবা গ্রহীতাদের ভোগান্তি কমবে। সময় কম লাগবে এবং অর্থের অপচয় কম হবে।

## ২। সেবার নাম : অনলাইনে শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন কার্ড সংশোধন।

**সেবা গ্রহীতা :** শিক্ষার্থী, পিতা-মাতা ও অভিভাবক।

**সেবাটি যেভাবে প্রদান করা হয় :**

- ❑ আবেদন পত্র সংগ্রহ।
- ❑ সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ।
- ❑ পূরণকৃত ফরমটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ অগ্রায়ন।
- ❑ ফরমে উল্লিখিত প্রয়োজনীয় কাগপত্র সংযুক্ত করণ।
- ❑ বোর্ড নির্ধারিত ফি ব্যাংকে জমা দান (ডিডি/পে-অর্ডার)।
- ❑ পূরণকৃত ফরমটি সংশ্লিষ্ট শাখায় জমাদান।
- ❑ আবেদন ফরম নথিতে উপস্থাপন।
- ❑ সংশ্লিষ্ট শাখা প্রধান/বোর্ড কর্তৃক অনুমোদন।
- ❑ চূড়ান্তভাবে সংশোধনের জন্য কম্পিউটার কেন্দ্রে প্রেরণ।
- ❑ সংশোধিত কপি সেবা গ্রহীতাকে বিতরণ।


## চিহ্নিত সেবাটি প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যা, সমস্যার মূল কারণ ও ভোগান্তি।

| চিহ্নিত সেবার মূল কারণ | সমস্যার পিছনে মূল কারণসমূহ | সেবা গ্রহীতা/প্রদানকারীর ভোগান্তি |
|---|---|---|
| আবেদন ফরম প্রতিষ্ঠান প্রধানের সময়মত অগ্রায়ন না করা। | প্রতিষ্ঠান প্রধানকে সময় মত না পাওয়া, ইচ্ছাকৃত ভাবে সময় ক্ষেপন করা। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বার বার ধরণা দিতে হয়, এতে সময়ের অপচয় হয়। |
| সংশ্লিষ্ট কাগজপত্র/ফরম যথা সময়ে সংগ্রহ করতে না পারা। | অনেক সময় উদ্বেগ, উৎকন্ঠা, অসন্তুষ্টির জন্ম নেয়। | সেবাগ্রহীতা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। হতাশা, হয়রানির শিকার হয়, ফলে সময় মত প্রত্যাশিত ফলাফল পায় না। |
| কোন একটি তথ্যের ঘাটতি থাকলে পুরো প্রক্রিয়া পুনরায় করতে হয়। | | |

**সমস্যা, সমস্যার কারণ ও এর প্রভাব/ভোগান্তি :** রেজিষ্ট্রেশন ভুল থাকলে পরবর্তী সকল মুল সনদে ভুল থেকে যায় বিধায় রেজিষ্ট্রেশন সংশোধন জরুরি। বিদ্যমান পদ্ধতিতে নাম, বয়স সংশোধনীতে পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে, সংশ্লিষ্ট কাগজপত্র সংগ্রহ করতে অনেকবার শিক্ষা বোর্ডে/শিক্ষা প্রতিষ্ঠানে সেবা গ্রহীতাকে আসতে হয়। বিধায় সময়ের অপচয় হয়, আর্থিক ক্ষতি হয় ও হয়রানি বাড়ে।

**সমস্যা, সমস্যার কারণ ও এর প্রভাব/ভোগান্তি :** রেজিষ্ট্রেশন ভুল থাকলে পরবর্তী সকল মুল সনদে ভুল থেকে যায় বিধায় রেজিষ্ট্রেশন সংশোধন জরুরি। বিদ্যমান পদ্ধতিতে নাম, বয়স সংশোধনীতে পুরো প্রক্রিয়া সম্পন্ন করতে, সংশ্লিষ্ট কাগজপত্র সংগ্রহ করতে অনেকবার শিক্ষা বোর্ডে/শিক্ষা প্রতিষ্ঠানে সেবা গ্রহীতাকে আসতে হয়। বিধায় সময়ের অপচয় হয়, আর্থিক ক্ষতি হয় ও হয়রানি বাড়ে।

**নতুন প্রসেস ম্যাপঃ**



**উদ্যোগটির মধ্যে নতুনত্ব :** সেবাগ্রহীতা বাসায় বসে রেজিষ্ট্রেশন সংশোধনের সমস্ত প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে পারবে।

**উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য যে সমস্ত উপকরণ দরকার :**

সকল উপকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বর্তমান রয়েছে।

**প্রত্যাশিত ফলাফল (TCV) :**

| আইডিয়া বাস্তবায়নের আগে। | আইডিয়া বাস্তবায়নের পরে | প্রত্যাশিত বেনিফিট |
|---|---|---|
| সময়(T) :১৫দিন<br>খরচ(C): ২৫০০/-<br>যাতায়াত(V): ৭বার | সময়(T) :১-২দিন<br>খরচ(C): ৬০০/-<br>যাতায়াত(V): ১বার | সময়(T) :১৩-১৪ দিন<br>খরচ(C) : ১৯০০/-<br>যাতায়াত(V): ৬বার |

**সুফল :** শিক্ষার্থী ভোগান্তি ছাড়াই নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগপত্র জমা দিয়ে অনায়াসে সংশোধিত রেজিষ্ট্রেশন কার্ড পাবে। পরবর্তীতে অন্যান্য ডকুমেন্ট যেমন- একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূলসনদে ভুল থাকবে না।

# THE END